# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ................................................ তারিখ: ............................

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক
সাঁথিয়া উপজেলা পরিষদ উচ্চ বিদ্যালয়
ডাকঃ সাঁথিয়া, উপজেলা : সাঁথিয়া, জেলাঃ পাবনা।

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৬(অংশ)-৮৫ তারিখ : ১৪/০৫/২০১৮ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আপনার বিদ্যালয়ে ১৪/০৫/২০১৮ইং তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মানবিক ও বিজ্ঞান সহ মাধ্যমিক পর্যায়ে (নবম ও দশম) পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

**মাধ্যমিক পর্যায়ে পঠিত বিভাগ ও বিষয় সমূহ**

| | |
|---|---|
| আবশ্যিকঃ সকল শাখার জন্য | বাংলা,ইংরেজি, গণিত, ধর্ম ও নৈতিক শিক্ষা (ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধ ও নৈতিক শিক্ষা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি । |
| মানবিক আবশ্যিক | বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, ভূগোল ও পরিবেশ, অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা, বিজ্ঞান |
| মানবিক ঐচ্ছিক | অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা। |
| বিজ্ঞান আবশ্যিক | পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান,জীব বিজ্ঞান/উচ্চতর গণিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়। |
| বিজ্ঞান ঐচ্ছিক | জীববিজ্ঞান/উচ্চতর গণিত। |
| ধারাবাহিক মূল্যায়ন | **শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা**, ক্যারিয়ার শিক্ষা এবং চারু ও কারু কলা। |

**শর্তসমূহ:**

১। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
২। ২৩/০৪/১৯৯৭ তারিখের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
৩। ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের বিধি মোতাবেক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করে বোর্ডে দাখিল করতে হবে।
৪। নিবন্ধন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদনের জন্য অত্র বোর্ডের বিদ্যালয় নিবন্ধন শাখায় যোগাযোগ করতে হবে।
৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
৬। বিদ্যালয় প্রাঙ্গণে ফলজ বৃক্ষ রোপন করতে হবে।
৭। বিদ্যালয়টির সীমানা প্রাচীর দিতে হবে।
৮। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীর বেতন ভাতাদি পরিশোধ করতে হবে।
৯। সর্বশেষ চাকুরী বিধি মোতাবেক যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে।
১০। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের নামে অবৈধভাবে চাঁদা আদায় করা যাবে না।
১১। অনুদানের অর্থ রশিদের মাধ্যমে সংগ্রহ করত: তা প্রতিষ্ঠান ফান্ডে জমা করত: প্রতিষ্ঠান উন্নয়নে যথাযথ ভাবে খরচ করতে হবে এবং তার নিরীক্ষা করাতে হবে।
১২। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের অর্থ তছরুপ সম্বন্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষণিক বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং- ................................ তারিখ: ........................

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, রাজশাহী শিক্ষা বোর্ড।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা।
৭। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), রাজশাহী শিক্ষা বোর্ড।
৮। উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
১০। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চঃ দাঃ) রাজশাহী শিক্ষা বোর্ড।
১১। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

SCHOOL_G/Rizaul-2_Patdan-01 -peg/3

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd


স্মারক নং- ............................................ তারিখ: ..........................

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক,
তিলাবদুল আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয়
ডাকঘর : বানিয়াপাড়া, উপজেলা/থানা: ক্ষেতলাল।
জেলা : জয়পুরহাট।

বিষয় : এডহক কমিটি অনুমোদন।

সূত্র : প্রধান শিক্ষকের আবেদনের তারিখ : ২৭/০৬/২০১৮ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৬ জুন ২০০৯ তারিখের এস. আর. ও নম্বর-১৫৬/আইন/২০০৯ Intermediate and Secondary Education Ordinance, 1961 (E.p.Ord.xxx 111 of 1961) এর Section 39- এ প্রদত্ত ক্ষমতাবলে সরকারের পূর্বানুমোদনক্রমে এবং ৩৯ বিধি মোতাবেক তার প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের শর্তে ১৯/০৭/২০১৮ইং তারিখ থেকে ০৬ (ছয়) মাসের জন্য এডহক কমিটি অনুমোদন করা হ'ল।

| ক্র: নং | সদস্যগণের নাম | পদের নাম |
|---|---|---|
| ১. | জনাব মো: ছাকাওয়াৎ হোসেন | সভাপতি (রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত) |
| ২. | জনাব মো: আসাদ আলী | অভিভাবক সদস্য (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) |
| ৩. | জনাব মো: আব্দুল মান্নান মোল্লা | শিক্ষক প্রতিনিধি সদস্য (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) |
| ৪. | প্রধান শিক্ষক, তিলাবদুল আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয় | সদস্য সচিব (পদাধিকার বলে) |

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং- ৬/৫৩৮/২০/৪১৭ তারিখ: ২৫.৭.১৮

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
২। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।
৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
৪। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
৫। সভাপতি, এডহক কমিটি, তিলাবদুল আব্দুল মজিদ উচ্চ বিদ্যালয় ,ক্ষেতলাল, জয়পুরহাট।
৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)